গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২০/৮২৪১/১০ তারিখ: ১৪ মার্চ ২০২১খ্রি.

বিষয়: ১৭ই মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন অনুষ্ঠান আয়োজন।

সূত্র (ক): শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০৮.১৯.১১২, তারিখ:০৭ মার্চ ২০২১
সূত্র (খ): জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বাস্তবায়ন কমিটি পত্র নং-
জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৮০, তারিখ:১১ ফেব্রুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৭ই মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান এবং অফিসসমূহে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

| ক্র:নং | কর্মসূচি |
|---|---|
| ০১ | ১৭ই মার্চ ২০২১ তারিখ সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে পতাকা বিধি অনুসারে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন। |
| ০২ | ১৭ই মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (স্বাস্থ্য বিধি অনুসরণ করে)। |
| ০৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে সৌন্দর্যবর্ধন; সাজসজ্জা ও আলোকসজ্জার ব্যবস্থা; পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লেগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/অফিস নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরি করতে পারে তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার না করা বাঞ্ছনীয়। ওয়েবসাইটে (http://www.mujib100.gov.bd) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া আছে। প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠান/অফিস উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নীচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অফিসের নাম ব্যবহার করা যাবে। |
| ০৪ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান/অফিসসমূহের সংশ্লিষ্ট মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন। |
| ০৫ | ১৭ই মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন। যেমন: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ সম্পর্কে অনলাইনে আলোচনা অনুষ্ঠান, অনলাইনে সাংস্কৃতিক অনুষ্ঠান, স্মরণিকা প্রকাশ, অনলাইনে কুইজ ও কবিতা আবৃত্তি ইত্যাদির মধ্যে যেগুলো সুবিধাজনক সেগুলো প্রতিষ্ঠান নিজ উদ্যোগে আয়োজন করবে। |
| ০৬ | গ্রুপ বিভাজন অনুযায়ী (ক গ্রুপ-ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণি),(খ গ্রুপ-নবম ও দশম শ্রেণি), (গ গ্রুপ-একাদশ ও দ্বাদশ শ্রেণি) এবং (ঘ গ্রুপ- স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি) শিক্ষার্থীরা ১০০ (একশত) শব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কল্পনায় ধারণ করে পত্র লিখবে। পত্রে তারা জাতির পিতাকে জানাবে তাঁর স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নেতৃত্বে দৃপ্তপদে অগ্রসর হওয়া বাংলাদেশের কোন কোন অর্জন কেন, কিভাবে তাদেরকে মুগ্ধ করেছে। সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতাকে তারা দেশের জন্য কি কি অবদান রাখতে চায় সেটাও জানাবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান নিজ উদ্যোগে এ কার্যক্রম পরিচালনা করবে। প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম শুরু হওয়ার পর সুবিধাজনক সময়ে এ আয়োজন করা যাবে। প্রত্যেক গ্রুপে শ্রেষ্ঠ তিনজন পত্রলেখককে শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে। প্রতিটি প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রতি গ্রুপের সেরা পত্রটি (১টি) 17march2021@gmail.com ই-মেইলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকায় প্রেরণ করবে। |
| ০৭ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান/অফিসে এলইডি স্থাপিত আছে সেখানে স্বাধীনতা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন। |

উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

১৫.৩.২০২১

প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

চলমান পাতা-০২

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ......... অঞ্চল (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
০৪। অধ্যক্ষ (সরকারি/বেসরকারি) সকল, (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)
০৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল) অঞ্চল (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনী তদারকির অনুরোধসহ);
০৬। জেলা শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
০৭। প্রধান শিক্ষক (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকি করার অনুরোধসহ);
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১০। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।
seo.ghoraghat.dinajpur.gov.bd

স্মারক নং-উমাশিঅ/ঘোড়া/দিনাজ/২০২০/**৫৭(৬০)**

তারিখ : ১৫ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ / ০১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৪।অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ........................কলেজ/কারিগরি কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, ঘোড়াঘাট, দিনাজপুর। **[পত্রের নির্দেশনা অনুযায়ী অনুষ্ঠান সম্পন্ন করে আগামী ১৮/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে অত্র অফিসের ই-মেইলে (useo.ghoraghat@gmail.com) ছবি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]**
৫। অফিস নথি।

১৫/০৩/২০২১
(মো: আব্দুস সাত্তার সরকার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।